গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.dgt.gov.bd

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৪.২৯.১৫৮.১৯-১৩৯ তারিখঃ ২৩/০৩/২০২০

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি প্রেরণ।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০১৬.১৭-২৩৩, তারিখ: ১৬ মার্চ, ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি যানবাহন অধিদপ্তরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গত ১২ জানুয়ারী, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীর ক্রমিক নং-৬ এ উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে সরকারি যানবাহন অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি নিম্নরুপ:

ক্রমিক নং	সিদ্ধান্ত	অগ্রগতি
ক.	সরকারি যানবাহন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	(ক) সরকারি যানবাহন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। (খ) ২৭/০৮/২০১৯ তারিখ ১ম কোয়ার্টার, ১১/১২/২০১৯ তারিখ ২য় কোয়ার্টার এবং ২৩/০১/২০২০ তারিখ ৩য় কোয়ার্টারের সভা সম্পন্ন করা হয়েছে। (গ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ২.১ অনুযায়ী প্রথম কোয়ার্টারে ২৮/০৮/১৯ তারিখ ১০ জন উপজেলা নির্বাহী অফিসারের অংশগ্রহণে অংশীজনের সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম সম্পন্ন হয়েছে। (ঘ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ২.৪ অনুযায়ী এ অধিদপ্তরের ৫০ জন কর্মকর্তা কর্মচারীকে শুদ্ধাচার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। (ঙ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৯.২ অনুযায়ী ভাল কাজের ভিত্তিতে মাসিক সেরা কর্মচারী পুরস্কার জুলাই-সেপ্টেম্বর/১৯ (১ম কোয়ার্টার) এবং অক্টোবর-ডিসেম্বর/১৯ (২য় কোয়ার্টার) প্রদান করা হয়েছে। (চ) গত ২৪/০৯/১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত উত্তম চর্চার তালিকার ৩নং ক্রম অনুযায়ী পরিস্কার পরিচ্ছন্নতাকে উৎসাহিত করার নিমিত্ত ত্রৈমাসিক সেরা পরিচ্ছন্ন কর্মীকে প্রণোদনা স্বরুপ প্রাইজবন্ড, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়েছে।
খ.	ই-ফাইলিং ও ই-জিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে।	(ক) সরকারি যানবাহন অধিদপ্তরে বিভিন্ন জেলা উপজেলা থেকে টায়ার ক্রয়ের অর্থ বরাদ্দ, শ্রমিক মজুরী মঞ্জুরী, জিপিএফ ও বিভিন্ন খাতের ব্যয়িত অর্থের হিসাব বিবরনী প্রেরণসহ বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার পত্র, চাকুরী স্থায়ীকরণ, গাড়ির যন্ত্রাংশ সরবরাহের ও স্পীডবোট মেরামতের আবেদনের সকল পত্রের আদান প্রদান ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন হয়। ৬০% নথির কার্যক্রম ই-ফাইলে সম্পাদিত হয়। (খ) ইলেক্ট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টালে অন্তর্ভুক্তকরণের জন্য অধিদপ্তরের ৩০/১০/১৯ তারিখের স্মারক নং-০৫.০৩.০০০০.০০৩.১৮.০৮২.১৯-৫২৮৪ মূলে পত্র প্রেরণ করা হয়েছে। (গ) ক্রয় সংক্রান্ত কার্যক্রম ই-জিপিতে সম্পাদনের লক্ষ্যে সিপিটিইউ কর্তৃক ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। এই অধিদপ্তরের পত্র নং-০৫.০৩.০০০০.০০৩.১৮.০৮২.১৯-৬১১৯, তারিখ: ২৯/১২/১৯ মূলে অধিদপ্তরের মনোনীত তিন জন কর্মকর্তা/কর্মচারীকে ই-জিপিতে প্রশিক্ষণ প্রদানের অনুরোধ জানিয়ে মহাপরিচালক, সিপিটিইউকে পত্র প্রেরণ করা হয়েছে এবং পত্র নং-০৫.০৩.০০০০.০০৩.১৮.০৮২.১৯-১৬৭, তারিখ: ২০/০১/২০ মূলে ই-জিপিতে ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যে Organization Admin হিসাবে কাজ করার নিমিত্ত Admin ID প্রদানের অনুরোধ জানিয়ে সিপিটিইউকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

চলমান পাতা-০২

গ.	পুরাতন ও অকেজো গাড়ি যৌক্তিক পর্যায়ে দ্রুত বিক্রয়/অপসারণের ব্যবস্থা করতে হবে।	(ক) সরকারি যানবাহন অধিদপ্তরের ৬৯টি অকেজো ঘোষিত গাড়ির মধ্যে ২০১৮-১৯ অর্থ বছরে ৪২টি গাড়ি বিক্রি হয়। অবশিষ্টি (৬৯-৪২)=২৭টি গাড়ির মধ্যে ২০১৯-২০ অর্থ বছরে ০৭টি গাড়ি বিক্রি হয়েছে। বাকি (২৭-৭)=২০টি গাড়ি বিক্রির কার্যক্রম চলমান রয়েছে। (খ) ২০১৯-২০ অর্থ বছরে সরকারি যানবাহন অধিদপ্তরের ২৪টি গাড়ি অকেজো ঘোষণার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিআরটিএ এর প্রতিবেদন পাওয়া গেছে এবং ০৪/০৩/২০২০ তারিখ অকেজো ঘোষণাকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। (গ) বিভিন্ন জেলার ৫৫টি গাড়ি বিক্রির জন্য ২৭/১২/২০১৯ তারিখ পত্রিকায় বিজ্ঞপ্তি জারী মাধ্যমে ৩৪টি গাড়ি বিক্রয় করা হয়। গাড়ি বিক্রয়বাবদ ৮৪,১৫,০০২/-(চুরাশি লক্ষ পঁনের হাজার দুই) টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়। অবশিষ্ট (৫৫-৩৪)=২১টি অকেজো গাড়ি বিক্রির কার্যক্রম চলমান রয়েছে। (ঘ) কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিনামূল্যে ১১৩টি যানবাহন হস্তান্তরের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩শে মার্চ ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১২১.২৬.০২২.১৯-১০৩ নং স্মারকে অনুমোদন পাওয়া গেছে। সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে গাড়িগুলো হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

২। উপর্যুক্ত বিবরণ মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত: ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত।

পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব)
সরকারি যানবাহন অধিদপ্তর
ফোন: ৯৫৬০৪২১।

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, শৃঙ্খলা-৩, শাখা)।